



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগের যাত্রা শুরু

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'সমাজবিজ্ঞান বিভাগ' নামে নতুন বিভাগের যাত্রা শুরু হয়েছে। শনিবার বিকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আফতাবনগর, ঢাকায় এক মতবিনিময় ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে বিভাগটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। সম্মানিত অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদফতরের সাবেক মহাপরিচালক অধ্যাপক ফাতিমা খাতুন ও দুষ্ট স্বাস্থ্যকেন্দ্র ঢাকার নির্বাহী পরিচালক ডা. দিবালোক সিংহ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. ফওজিয়া মান্নান। নবপ্রতিষ্ঠিত সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন ড. আনিসুর রহমান খানসহ ঢাকার বিভিন্ন কলেজের শিক্ষকও অনুষ্ঠানে বক্তব্য দেন। সংবাদ বিজ্ঞপ্তি।